# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/২১৪৩

তারিখ ২৬ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ
০৯ মে ২০১৭ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬০৪ তম কমিশন সভা অদ্য ০৯/০৫/২০১৭ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. অদ্যকার সভায় কমিশন Oimex Electrode Limited এর প্রতিটি ১০.০০ টাকা মূল্যের ১.৫০ (এক দশমিক পঞ্চাশ) কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ১৫ (পনের) কোটি টাকা পুঁজি উত্তোলন করে capital machineries and equipment এবং raw materials ক্রয় এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৬ তারিখে সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণী অনুযায়ী পুনর্মূল্যায়ন ছাড়া নেট এ্যাসেট ভ্যালু (NAV without revaluation) টাকা ১৪.৮৭ এবং বিগত ৫ বছরের weighted average শেয়ার প্রতি আয় (EPS) টাকা ২.০৩। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে MTB Capital Limited।

২. 'এনএএম আইবিএল ইসলামিক ইউনিট ফান্ড' -এর প্রসপেক্টাস কমিশন আজকের সভায় অনুমোদন প্রদান করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা ১৫ কোটি টাকা মাত্র। ফান্ডটির উদ্যোক্তা ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড। উদ্যোক্তার ১০ কোটি টাকা এবং বাকি ৫ কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে, যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির সম্পদ ব্যবস্থাপক হিসেবে কাজ করছে ন্যাশনাল অ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড এবং ট্রাস্টি ও কাস্টডিয়ান হিসেবে কাজ করছে Investment Corporation of Bangladesh (ICB).

৩. Wifang Securities Ltd. (DSE TREC No. 210) -এ কমিশনের নির্দেশে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ কর্তৃক পরিদর্শন পূর্বক দাখিলকৃত রিপোর্টে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় ঃ

(ক) পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক, কর্মচারী ও তাদের আত্মীয়দের মার্জিন ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/31 তারিখঃ March 23, 2010 এর লংঘন;

(খ) মার্চ ৩১, ২০১৫ তারিখে Customer Consolidated Account -এ ৩,২৯,৭৮,০৭৬ টাকা ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule (8A) (1) & Rule 3(1A) লংঘন;

(গ) নন মার্জিনেবল "Z" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/169 তাং 01/10/2009 লংঘন;

(ঙ) ৫ (পাঁচ) লক্ষ টাকার উপরে নগদ লেনদেনের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8(1)(cc)(i) লংঘন; এবং

(চ) এছাড়া সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১, দ্বিতীয় তফসিলের আচরণবিধি ১ ও ৬, বিধি ৪(২)(৪) এর Deed of Agreement এর clause-5, Dhaka Stock Exchange (Trading Rights Entitlement Certificate) Regulations, 2013 এর লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Wifang Securities Ltd -কে ৩০ (ত্রিশ) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এছাড়া নিম্নলিখিত বিষয়ে Wifang Securities Ltd. এবং সিডিবিএল -কে নির্দেশনা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) Customer Consolidated Account -এ ৩,২৯,৭৮,০৭৬ টাকা ঘাটতি আগামী জুন ৩০, ২০১৭ এর মধ্যে সমন্বয়পূর্বক কমিশনকে অবহিতকরণ;

(খ) পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এবং তাদের আত্মীয়দের -কে প্রদত্ত মার্জিন ঋন আগামী জুন ৩০, ২০১৭ এর মধ্যে সমন্বয়পূর্বক কমিশনকে অবহিতকরণ;

(গ) উপরোক্ত (ক) ও (খ) পরিপালন না করা পর্যন্ত পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এবং তাদের আত্মীয়দের বিও হিসাব হতে শেয়ার বিক্রয় এবং টাকা উত্তোলন করা যাবে না। এছাড়াও ব্যবস্থাপনা পরিচালক এর বেতন, পারিশ্রমিক ও সম্মানী প্রদান বন্ধ থাকবে; এবং

(ঘ) পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এবং তাদের আত্মীয়দের বিও হিসাবে রক্ষিত সিকিউরিটিজসমূহ সিডিবিএল-এ ব্লক অবস্থায় থাকবে।

৪. Metalex Corporation Limited (Issuer) এর জুন ৩০, ২০১৫ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লজ্ঘন করেছে। অনুরূপভাবে সেপ্টেম্বর ৩০, ২০১৫ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এবং কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, dated September 27, 2009 এর লজ্ঘন করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Metalex Corporation Limited এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতিত) ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৫. Raspit(Inc) Bangladesh Limited (Issuer) এর জুন ৩০, ২০১৫ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লজ্ঘন করেছে। অনুরূপভাবে সেপ্টেম্বর ৩০, ২০১৫ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এবং কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, dated September 27, 2009 এর লজ্ঘন করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Raspit(Inc) Bangladesh Limited এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতিত) ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৬. Bionic Seafood Exports Limited (Issuer) এর ডিসেম্বর ৩১, ২০১৪ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লজ্ঘন করেছে। অনুরূপভাবে মার্চ ৩১, ২০১৫ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এবং কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, dated September 27, 2009 এর লজ্ঘন করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Bionic Seafood Exports Limited এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতিত) ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৭. Khaza Mosaic Tiles and Stone Industries Limited (Issuer) এর জুন ৩০, ২০১৫ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লজ্ঘন করেছে। অনুরূপভাবে সেপ্টেম্বর ৩০, ২০১৫ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এবং কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, dated September 27, 2009 এর লজ্ঘন করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Khaza Mosaic Tiles and Stone Industries Limited এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতিত) ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৮. Mita Textiles Limited (Issuer) এর জুন ৩০, ২০১৫ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লজ্ঘন করেছে। অনুরূপভাবে সেপ্টেম্বর ৩০, ২০১৫ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য Securities and Exchange Rules, 1987

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

এর Rule 13 এবং কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, dated September 27, 2009 এর লঙ্ঘন করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Mita Textiles Limited এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতিত) ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৯. International Organization of Securities Commission (IOSCO) কর্তৃক নির্ধারিত ২-৮ অক্টোবর সময়কালব্যাপী World Investor Week (WIW) 2017 পালন ও এ বিষয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ সংক্রান্ত বিস্তারিত কর্মসূচী শীঘ্রই প্রকাশ করা হবে।

১০. কমিশন, "বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০১৭" এর কিছু পরিমার্জন ও সংশোধন সাপেক্ষে চূড়ান্ত অনুমোদন প্রদান করেছে। যা বাংলাদেশ গেজেটে শীঘ্রই প্রকাশ করা হবে।

১১. এছাড়াও কমিশন, "বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ক্লিয়ারিং অ্যান্ড সেট্‌লমেন্ট) বিধিমালা, ২০১৭" এর কিছু পরিমার্জন ও সংশোধন সাপেক্ষে চূড়ান্ত অনুমোদন প্রদান করেছে। যা বাংলাদেশ গেজেটে শীঘ্রই প্রকাশ করা হবে।

০৭/০৫/২০১৭

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র।